



প্রিয় পরিবারবর্গ,

হ্যামিলটন-ওয়েস্টওয়ার্থ ডিস্ট্রিক্ট স্কুলবোর্ডে (HWDSB বা এইচডাবলিউডিএসবি), আমরা প্রতিবন্ধক চিহ্নিত করতে এবং অপসারণ করতে অঙ্গীকারবদ্ধ, যাতে সকল শিক্ষার্থীগণ সহায়ক, অন্তর্ভুক্তিকর, এবং শ্রদ্ধাশীল পরিবেশে শিক্ষাগ্রহণ করতে সক্ষম হয়।

আমাদের শিক্ষার্থীদের সম্পর্কে আরো জানতে, আমরা একটি স্বেচ্ছাকৃত ও গোপনীয় সেনসাস বা জনগণনা পরিচালনা করব। 2021র এপ্রিলে, উই অল কাউন্ট এইচডাবলিউডিএসবি স্টুডেন্ট সেনসাস 2021 এর সূচনা হয়েছিল এবং শিক্ষার্থীদের পরিচয় সম্পর্কিত প্রশ্ন করা হয়েছিল (জাতি, লিঙ্গ, ইত্যাদি) যাতে পদ্ধতিগত প্রতিবন্ধক চিহ্নিত করা যায় ও সেগুলির প্রতি মনোযোগ দেওয়া যায়। অতিমারি এবং সাড়ার হার অল্প হওয়ার কারণে, আমরা স্টুডেন্ট সেনসাসটি পুনরায় চালু করছি যাতে সমস্ত শিক্ষার্থীগণ সেনসাসটি সম্পূর্ণ করার সুযোগ পায়। এটি নভেম্বর 29, 2021 থেকে December 16, 2021 পর্যন্ত চলবে।

অনেক স্কুল বোর্ড স্টুডেন্ট সেনসাস পরিচালনা করেছে। বস্তুত, এন্টি-রেসিজম এক্ট, 2017 এবং অন্টারিওর এডুকেশন ইকুইটি একশন প্ল্যান আদেশ করে যে স্কুল বোর্ড এই তথ্য সংগ্রহ আর বিবৃত করবে। এইচডাবলিউডিএসবি-র ইকুইটি একশন প্লানেও এটি অগ্রাধিকার পায়। আমরা জানি যে কোনও ব্যক্তির পরিচয় সম্পর্কে প্রশ্ন করা অস্বস্তির ব্যাপার হতে পারে, এবং আমরা সংবেদনশীলতার সাথে তা করব। আমরা শিক্ষার্থীগণ, পরিবারবর্গ, কর্মচারীবৃন্দ, এবং কমিউনিটির সদস্যদের পরামর্শ নিয়েছি যাতে এই সেনসাসটি এইচডাবলিউডিএসবি কে ন্যায্যতা, শিক্ষার্থী কৃতি এবং কল্যাণের সহায়ক হতে প্রমান-ভিত্তিক সিদ্ধান্ত নিতে সাহায্য করে।

এটি কী ভাবে হবে?

কিন্ডারগার্টেন থেকে 4র্থ শ্রেণীর শিক্ষার্থীগণ: পেরেন্ট পোর্টালে একটি ফর্ম যোগ করা হবে। পিতামাতা এবং অভিভাবকগণ পোর্টালে গিয়ে ফর্মটি খুলে স্টুডেন্ট সেনসাসটি সেই স্থানেই সম্পূর্ণ করতে পারেন। আপনার শিশুর শিক্ষক/শিক্ষিকাকে অনুরোধ করে আপনি এটির ছাপা অনুলিপি পেতে পারেন। অনুগ্রহ করে প্রতি শিক্ষার্থীর জন্য একটি করে ফর্ম সমপন্ন করবেন (অনলাইন অথবা ছাপা)।

5ম থেকে 12শ শ্রেণী-ব্যক্তিগত-উপস্থিতি এবং দূরাবস্থিত শিক্ষার্থীগণ: 5ম থেকে 12শ শ্রেণীর শিক্ষার্থীদের আমরা, আবার একবার, একটি নিরাপদ লিঙ্ক ইমেইল করব, যাতে তারা সেনসাস ফর্মটি ক্লাস চলাকালীন সময়ে অনলাইনে সম্পূর্ণ করে, শিক্ষক/শিক্ষিকার সাহায্য সহ। যেই শিক্ষার্থীদের পিতামাতা/অভিভাবকরা আগে অনুরোধ করে রেখেছেন যে তারা সেনসাসে অংশগ্রহণ করবেন না তারা ইমেইলটি পাবেন।

এটি কী জানতে চায়?

শিক্ষার্থীর বয়সের ওপর ভিত্তি করে, সেনসাসের প্রশ্নসমূহ শিক্ষার্থীর ভাষাসমূহ, আদি পরিচয়, সম্প্রদায়, জাতি, ধর্ম, লিঙ্গ পরিচয়, যৌন অভিমুখীতা, অক্ষমতা বা সক্ষমতা, জন্মস্থান এবং নাগরিকত্ব/অভিবাসন সম্পর্কিত অবস্থান জানতে চাইতে পারে।

এইচডাবলিউডিএসবি কী করে শিক্ষার্থীগণের ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা রক্ষা করবে?

শিক্ষার্থীগণ ও পরিবারবর্গের সম্পর্কে তথ্য সংগ্রহ করা কালীন যাতে সর্বোচ্চ স্তরের গোপনীয়তা অবলম্বন করা হয়, সেই ব্যাপারে এইচডাবলিউডিএসবি অঙ্গীকারবদ্ধ। শিক্ষার্থী সেনসাস তথ্য অ্যান্টি রেসিজম অ্যাক্ট 2017, এস ও 2017, সি 15, দ্য এডুকেশন অ্যাক্ট, আর এস ও 1990, সি ই.2 কে প্রামাণ্য মেনে সংগ্রহ করা হয় এবং মিউনিসিপাল ক্রীডম অফ ইনফরমেশন এন্ড প্রোটেকশন অফ প্রাইভেসী অ্যাক্ট, আর এস ও 1990, সি এম.56এর অনুবর্তী।

HWDSB



স্টুডেন্ট সেনসাসটি গোপনীয় কিন্তু এটি অজ্ঞাতনামা নয়। স্বতন্ত্র শিক্ষার্থী প্রতিক্রিয়া বিশ্লেষণের জন্য দলগত ভাবে আলাদা করা হবে যাতে কোনও একক প্রতিক্রিয়া কখনোই শনাক্ত না করা যায়। সংগ্রহ করা উত্তরসমূহ একটি নিরাপদ, গোপনীয় তথ্যভান্ডারে রাখা হবে যা কেবল মাত্র এইচডাবলিউডিএসবির রিসার্চ অ্যান্ড অ্যানালিটিক্সের আধিকারিকরা এইচডাবলিউডিএসবির শিক্ষার্থীগণের মধ্যে প্রবণতা শনাক্ত করা এবং তার সারাংশ তৈরী করার কাজে ব্যবহার করবেন।

এটি কি বাধ্যতামূলক?

সেনসাসটি সম্পন্ন করা ঐচ্ছিক। তবে আমরা শিক্ষার্থীদের আর্জি জানাচ্ছি এতে অংশগ্রহন করতে যাতে আমরা আমাদের শিক্ষার্থী গোষ্ঠির একটি যথার্থ ছবি পেতে পারি। উচ্চ হারে অংশগ্রহন আমাদের শিক্ষার্থী কৃতিত্ব এবং কল্যাণে প্রতিবন্ধকসমূহ শনাক্ত করতে, কৌশলসমূহ গঠন করতে এবং এগুলির সমাধান করতে সাহায্য করবে। যেই শিক্ষার্থীরা ইতোমধ্যেই অংশগ্রহন না করার সিদ্ধান্ত নিয়েছেন, তারা এই জরিপটি পুনরায় শুরু হলে লিঙ্কটি পাবেন না। যেই পরিবারসমূহ চান না তাদের শিশুরা এতে অংশগ্রহন করুক এবং আগে অসম্মতি জানাননি তারা research@hwdsb.on.ca এ ইমেইল করে জানাতে পারেন।

প্রশ্ন আছে?

আমরা সেনসাসের প্রস্তুতি চলাকালীন আপনাদের প্রশ্ন করতে আমন্ত্রণ করছি এবং প্রশ্নের উত্তর দিচ্ছি। আরো জানুন আমাদের ওয়েবসাইট www.hwdsb.on.ca/weallcount এ, যেখানে আপনি সেনসাসটির সম্পর্কে প্রায়ই করা প্রশ্নসমূহ বা FAQs পাবেন। আপনি আমাদের স্টুডেন্ট সেনসাস দলটিকে census@hwdsb.on.ca এ যোগাযোগ করতে পারেন।

এইচডাবলিউডিএসবি কে শিক্ষা ব্যবস্থায় অধিকতর ন্যায্য পরিণতি সম্ভব করতে দায়িত্বশীল উপায়ে তথ্য সংগ্রহ করায় সাহায্য করার জন্য আপনাকে ধন্যবাদ।

বিনীত,

ম্যানি ফিগুয়েরেডো
Manny Figueiredo
শিক্ষা অধিকর্তা
Director of Education

পল ডিনোমে
Paul Denomme
শিক্ষার্থী কৃতিত্ব, ন্যায্যতা এবং শিক্ষার্থী নিয়োগ অধীক্ষক
Superintendent of Student Achievement,
Equity and Student Engagement